গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হোসেনপুর, কিশোরগঞ্জ
www.hossainpur.kishoreganj.gov.bd

স্মারক নং-০৫.৪১.৪৮২৭.০০০.৩৭.০১০.২৩- ১২৮ তারিখঃ ০৯/০২/২০২৪ খ্রি:

হোসেনপুর উপজেলাধীন সাহেবেরচর এলাকায় খননকৃত বালু বিক্রয়ের জন্য দরপত্র গ্রহণের
পুন: বিজ্ঞপ্তি ০৩/২৫

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক পুরাতন ব্রহ্মপুত্র, ধরলা, তুলাই, এবং পুনর্ভবা নদীর নাব্যতা উন্নয়ন ও পুনরুদ্ধার শীর্ষক প্রকল্পের আওতায় কিশোরগঞ্জের পুরাতন ব্রহ্মপুত্র নদের হোসেনপুর উপজেলার সাহেবেরচর এলাকা থেকে ড্রেজিং এর মাধ্যমে উত্তোলিত ড্রেজড ম্যাটেরিয়াল (বালু/মাটি/বালু মাটি ও জৈব পদার্থ) আগামী ২৫/০২/২০২৫খ্রি. তারিখ সকাল ৯.০০ ঘটিকা হতে দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত দরপত্র বাক্সে দরপত্র গ্রহণের মাধ্যমে বিক্রয়ের লক্ষ্যে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নির্ধারিত ফরমে দরপত্র আহ্বান করা হলো

ক্র. নং	প্যাকেজ নং		নিলামযোগ্য ড্রেজড ম্যাটেরিয়ালের পরিমান	দরপত্র বাক্স উন্মুক্ত করার তারিখ সময় ও স্থান
০১	হাজী বাড়ীর বিপরীতের ডাইক	প্যাকেজ-১	১১০২১১ ঘনমিটার	তারিখ: ২৫/০২/২০২৫ খ্রি. বিকাল ৩.০০ ঘটিকা স্থান: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হোসেনপুর, কিশোরগঞ্জ
০২	মধ্যবর্তী ডাইক	প্যাকেজ-২	১৮৩৪০৬ ঘনমিটার	
০৩	মিজান গং এর বাড়ীর বিপরীতের ডাইক	প্যাকেজ-৩	১২৬২১১ ঘনমিটার	
০৪	মিজান গং এর বাড়ীর ডাইক	প্যাকেজ-৪	২৭৪৪৬ ঘনমিটার	
০৫	পুরাতন চায়না গর্তের নিকটবর্তী ডাইক	প্যাকেজ-৫	১৭৭৬৯ ঘনমিটার	

<u>শর্তাবলী</u>

০১. শুধুমাত্র কিশোরগঞ্জ জেলাধীন লাইসেন্সধারী বালু ব্যবসায়ীগণ উক্ত ডাকে অংশগ্রহণ করতে পারবেন।

০২. আগামী ১০/০২/২০২৫ খ্রি.হতে ২৩/০২/২০২৫ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত প্রত্যেক প্যাকেজ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা (অফেরতযোগ্য) বিনিময়ে জেলা প্রশাসকের কার্যালয় কিশোরগঞ্জ/ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হোসেনপুর, কিশোরগঞ্জ এবং সহকারী কমিশনার (ভূমি), হোসেনপুর, কিশোরগঞ্জ এর কার্যালয় হতে দরপত্র সংগ্রহ করা যাবে।

০৩. আগামী ২৫/০২/২০২৫খ্রি. তারিখ সকাল ৯.০০ঘটিকা হতে দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত জেলা প্রশাসকের কার্যালয় কিশোরগঞ্জ/ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হোসেনপুর, কিশোরগঞ্জ এবং সহকারী কমিশনার (ভূমি), হোসেনপুর, কিশোরগঞ্জ এর কার্যালয় এ রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র গ্রহণ করা হবে এবং ঐ দিন বিকাল ৩.০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হোসেনপুর, কিশোরগঞ্জ-এ দরপত্র বাক্স (দরদাতাদের যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৪. উন্মুক্ত টেন্ডারে নিলাম বিজ্ঞপ্তিতে অংশগ্রহণে আগ্রহী প্রার্থীদের সরেজমিন পরিদর্শন অন্তে বাস্তব অবস্থা বিবেচনাপূর্বক টেন্ডারে অংশগ্রহণের অনুরোধ জানানো হলো । পরবর্তীতে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবেনা।

০৫. নিলামে অংশগ্রহণকারী ব্যক্তির উদ্ধৃত মূল্যের ৫০% উপযুক্ত আর্থিক সক্ষমতার প্রমাণক হিসেবে ব্যাংক স্টেটমেন্ট টেন্ডার ডকুমেন্টের সঙ্গে জমা প্রদান করতে হবে।

০৬. সর্বোচ্চ দরদাতা বিধিমালা অনুযায়ী কার্যাদেশ প্রাপ্তির ০৭(সাত) সাত কার্যদিবসের মধ্যে ১-৪৬৩১-০০০০-১২৬৩ নং কোডে দরপত্রে দাখিলকৃত মূল্য পরিশোধ করতে হবে এবং দরপত্রে দাখিলকৃত মূল্যের উপর ১০% আয়কর ১-১১৪১-০১২৫-০১১১ নং কোডে এবং ১৫% ভ্যাট ১-১১৩৩-০০১৫-০৩১১ নং কোডে ট্রেজারী চালানের মাধ্যমে পরিশোধ করত: ড্রেজড ম্যাটেরিয়াল (মাটি/বালু) দখল প্রাপ্তির জন্য আবেদন করতে হবে।

০৭. প্রতি ঘনমিটার হিসেবে বালুর মোট মূল্যের ওপর উদ্ধৃত মূল্যের ৪০% জামানত হিসেবে উপজেলা নির্বাহী অফিসার, হোসেনপুর, কিশোরগঞ্জ এর বরাবর যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/ পে অর্ডার এর মাধ্যমে দাখিল করতে হবে। উক্ত টাকা হতে ৩৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। কাজ সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

০৮. সর্বোচ্চ দরদাতার অনুকূলে সরকারি স্বার্থ নিশ্চিত করে চুক্তিপত্র সম্পাদন করা হবে এবং চুক্তিপত্র সম্পাদনের পূর্বে বিনা ব্যর্থতায় সমুদয় মূল্য পরিশোধ করতে হবে । চুক্তি সম্পাদনের পর ০৬(ছয়) মাসের মধ্যে ডাককৃত ড্রেজড ম্যাটেরিয়াল (মাটি/বালু) সরিয়ে ফেলতে হবে।

CS CamScanner

০৯. ড্রেজিং এর মাধ্যমে উত্তোলিত বালু/মাটি সংরক্ষণের জন্য সর্বনিম্ন দুই একর জমির বৈধ মালিকগণের নিকট হতে বালু যতদিন থাকে বিক্রয়/ অন্যত্র সরিয়ে না নেয়া পর্যন্ত চুক্তিনামা (দাগ নং ও খতিয়ান নং সহ) দলিল খতিয়ানের কপি এবং অনাপত্তিপত্র চুক্তি সম্পাদনের পূর্বে জমা দিতে হবে।

১০. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ, বাতিল, সময় পরিবর্তন ও পরিবর্ধণের বিষয়ে যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা নিলাম প্রদানকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১১. ইজারাদারকে সিডিউলে উল্লেখিত যে পরিমাণ বালু/মাটি ইজারা দেয়া হবে সেই পরিমাণ উত্তোলিত বালু মাটি ব্যতিত অতিরিক্ত খননকৃত হলে কোন অধিকার প্রতিষ্ঠা করতে পারবেন না।

১২. ড্রেজড ম্যাটেরিয়াল (মাটি/বালু) পরিবহন কার্যক্রমের ফলে বাঁধ, রাস্তা, ব্রিজ কালভার্ট, সরকারি বেসরকারি স্থাপনার ক্ষতি সাধন করা যাবেনা। কোন প্রকার ক্ষতি সাধিত হলে তা জামানতের অর্থ হতে সমন্বয় করা হবে।

১৩. সর্বোচ্চ ডাককারী কর্তৃপক্ষ কর্তৃক ড্রেজড ম্যাটেরিয়াল (মাটি/বালু) পরিবহনের ফলে ক্ষতিগ্রস্ত রাস্তা ও অন্যান্য স্থাপনা চুক্তির মেয়াদ সমাপন্তে মেরামত/সংস্কার করে দিতে বাধ্য থাকবেন। কোন অবস্থাতেই নদীর পাড়ের লেভেলের নীচের বালু অপসারণ করা যাবেনা এবং কৃষি জমির ক্ষতিসাধন করা যাবে না।

১৪. দরপত্রে উল্লিখিতবালু/মাটি ব্যতীত নতুনভাবে বালু/মাটি উত্তোলন করা হলে বা উত্তোলনের চেষ্টা করা হলে চুক্তিপত্র বাতিল বলে গণ্য হবে এবং জামাতন বাজেয়াপ্তসহ প্রচলিত আইন মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫. ইজারার আরও অন্যান্য শর্তাবলী বিক্রিত দরপত্রের সাথে সংযুক্ত থাকবে এবং দরপত্রের সকল কার্যক্রম পিপিআর ২০০৮ অনুযায়ী সম্পাদিত হবে।

(কাজী নাহিদ ইভা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
ড্রেজড ম্যাটেরিয়াল নিলাম উপ-কমিটি
হোসেনপুর, কিশোরগঞ্জ

স্মারক নং-০৫.৪১.৪৮২৭.০০০.৩৮.০০২.১৮- ১২৮

তারিখ : ০৯/০২/২০২৫ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে :

০১। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
০২। অতিরিক্ত জেলা প্রশাসক, (রাজস্ব) কিশোরগঞ্জ।
০৩। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কিশোরগঞ্জ
০৪। নির্বাহী প্রকৌশলী ,বিআইডব্লিউটিএ, কিশোরগঞ্জ
০৫। সহকারী কমিশনার (ভূমি), হোসেনপুর
০৬। অফিসার ইন চার্জ, হোসেনপুর থানা, হোসেনপুর, কিশোরগঞ্জ
০৭। উপজেলা প্রকৌশলী, হোসেনপুর, কিশোরগঞ্জ।
০৮। উপজেলা....................................কর্মকর্তা,হোসেনপুর, কিশোরগঞ্জ
০৯। সম্পাদক, দৈনিক ইনকিলাব ও THE NEW AGE তাঁর বহুল প্রচারিত পত্রিকায় বিজ্ঞাপ্তটি ১০/০২/২০২৫খ্রি. তারিখের মধ্যে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১০। অফিস কপি।

(কাজী নাহিদ ইভা)
উপজেলা নির্বাহী অফিসার
ও আহ্বায়ক
ড্রেজড ম্যাটেরিয়াল নিলাম উপ-কমিটি কমিটি
হোসেনপুর, কিশোরগঞ্জ

CamScanner